

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/বি.এসসি./২০২১/১১২

তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২১

কলেজিয়েট, ননকলেজিয়েট ও ডিসকলেজিয়েট সংক্রান্ত বিজ্ঞপ্তি


অত্র ইনস্টিটিউটের বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই) বিভাগের সকল লেভেলের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষের টার্ম-১ এর ক্লাসসমূহ ০২ অক্টোবর, ২০২১ তারিখ হতে আরম্ভ হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ০৯ অক্টোবর, ২০২১ তারিখ হতে সশরীরে ও অনলাইন ক্লাসসমূহে ছাত্র-ছাত্রীদের হাজিরা গণনা করে কলেজিয়েট, ননকলেজিয়েট ও ডিসকলেজিয়েট নির্ধারণ করা হবে।

ক্রমিক নং	ছাত্র-ছাত্রীর ধরণ	প্রত্যেক কোর্সে হাজিরার হার
১.	কলেজিয়েট	নূন্যতম ৭৫%
২.	ননকলেজিয়েট	৬০% হতে ৭৪%
৩.	ডিসকলেজিয়েট	৬০% এর কম

ক) যে সকল ছাত্র-ছাত্রী ননকলেজিয়েট হিসেবে গণ্য হবে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত কোর্স প্রতি ননকলেজিয়েট ফি প্রদান করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল ছাত্র-ছাত্রী ডিসকলেজিয়েট হিসেবে গণ্য হবে তারা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

উল্লেখ্য, অতিমারীর কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কোনো ছাত্র-ছাত্রীকে ননকলেজিয়েট অথবা ডিসকলেজিয়েট হিসেবে গণ্য করা হয়নি। তবে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীদের কলেজিয়েট, ননকলেজিয়েট ও ডিসকলেজিয়েট হিসেবে গণ্য করার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী কোনরূপ নমনীয়তার সুযোগ নাই। ২০২০-২০২১ শিক্ষাবর্ষের টার্ম-১ এর একাডেমিক ক্যালেন্ডার শীঘ্রই ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণ করা হবে।


22.09.21

মোঃ মাহাবুব হাসান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

বিতরণঃ

- ১। সকল কোর্স কো-অর্ডিনেটর (ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণের জন্য)
- ২। সকল শিক্ষক, নিটার (ই-মেইলে প্রেরণ)

অনুলিপিঃ

- ১। এডভাইজার অফিস (উপদেষ্টা মহোদয়ের অবগতির জন্য), নিটার
- ২। রেজিস্ট্রার অফিস, নিটার
- ৩। ওয়েবসাইট, নিটার
- ৪। সংশ্লিষ্ট নথি।